

RABINDRA BHARATI UNIVERSITY
VOCAL MUSIC DEPARTMENT


COURSE - M.A. (Compulsory Course) (CBCS) 2020
Semester - II , C-4; Group - B.
Teacher - Dr. Sankar Bhattacharyya.

Theory Of Tala

2. Sanskrit Poetic Meters.

ছন্দ - ধ্বনির বিভিন্ন তরঙ্গায়িত বৈচিত্রপূর্ণ বিভাগকেই ছন্দ বলা হয়। আমাদের মনে যা আনন্দ উৎপাদন করে তাই ছন্দ। ছন্দের অনুভূতি দুই ভাবে হয়, যথা - ক) কাব্যপাঠের দ্বারা এবং খ) সুরের গতি বৈচিত্র দ্বারা। প্রথমটিকে বলে কাব্যছন্দ এবং দ্বিতীয়টিকে বলে তালছন্দ। এই ছন্দেরও সৃষ্টি হয় দুইভাবে। বর্ণের লঘু-গুরু সমন্বয়ে এবং সুরের গতি-বৈচিত্রজনিত কারণে।

ছন্দ
1



সংস্কৃত কাব্য ছন্দ

মূলত আট প্রকারের বৈদিক ছন্দ ছিল। যথা - গায়ত্রী, অনুষ্টুপ, পংতি, ত্রিষ্টুপ, জগতী, বিরাট, উষ্ণিক এবং অশ্তেষ্টি। এই ছন্দ দ্বারাই বৈদিক মন্ত্রগুলি রচিত হয়েছিল। পরবর্তীতে পৌরাণিক যুগে বিভিন্ন প্রকারের লৌকিক কাব্যছন্দের আবির্ভাব ঘটে। এবং ছন্দ সংখ্যা বৃদ্ধি পেতে থাকে। এগুলিই হল সংস্কৃত কাব্যছন্দ। ভারতের নাট্যশাস্ত্রে প্রায় ৯০ প্রকারের কাব্য ছন্দের উল্লেখ পাওয়া যায়। কিন্তু যেমন নতুন আবিষ্কার হয়েছে তেমনি আবার বহু প্রাচীন ছন্দ অপ্রচলিত হয়ে গেছে। বর্তমানে মাত্র কয়েকটা পাওয়া যায়।

লৌকিক ছন্দগুলি বর্ণের লঘু-গুরু ভিত্তিতে গঠিত এবং ‘গণ’ দ্বারা পরিচিত হয়। ব্যঞ্জন বর্ণের সাথে - অ, ই, উ, ঋ যুক্ত স্বরবর্ণ হল ‘লঘু বর্ণ’। ব্যঞ্জন বর্ণের সাথে - আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ প্রভৃতি স্বরবর্ণ যুক্ত বর্ণগুলি হল ‘গুরু বর্ণ’।

লঘু বর্ণ - অ, ই, উ, ঋ, ক, কি, কু, কৃ ইত্যাদি।

গুরু বর্ণ - আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ, কা, কী, কে, কৈ, কো, কৌ ইত্যাদি।

তিনটি করে লঘু-গুরু সমন্বয়ে মোট আট প্রকারের গণ আছে। যেমন -

ম গণ = ত্রি	গুরু = - - -
য় গণ = আদি লঘু	= U - -
র গণ = মধ্য লঘু	= - U -
ত গণ = অন্ত্য লঘু	= - - U
ন গণ = ত্রি লঘু	= U U U
ভ গণ = আদি গুরু	= - U U
জ গণ = মধ্য গুরু	= U - U
স গণ = অন্ত্য গুরু	= U U -

গুরু চিহ্ন = ‘ - ’

লঘু চিহ্ন = ‘ U ’

****To be continued in the next set.**